

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর
প্রগতি শাখা

বিষয়	: <u>আগস্ট/২০১৬ প্রাক-সমন্বয় সভার কার্যবিবরণী</u>
সভাপতি	: জনাব মোঃ খোরশেদ আলম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)
তারিখ ও সময়	: ১১/০৮/২০১৬ইং, বৃহস্পতিবার, দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	: প্রধান প্রকৌশলীর সভাকক্ষ
উপস্থিতি তালিকা	: সংযুক্ত

সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিষয়ভিত্তিক আলোচনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ দেন। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

আলোচ্যসূচী-১ : বিভিন্ন অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত :

আলোচনা : সভায় জানানো হয় গণপূর্ত অধিদপ্তর সম্পর্কিত ৩৪টি অনিষ্পন্ন আইটেমের মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) এর আওতাধীন ০৪টি এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) এর আওতাধীন ৩০টি আইটেম রয়েছে। এ পর্যায়ে সভাপতি বলেন, অনিষ্পন্ন বিষয়সমূহ গুরুত্বের সাথে নিষ্পন্ন করার সকল উদ্যোগ অব্যাহত রাখতে হবে।

সেবা খাতের বিল পরিশোধ প্রক্রিয়া সহজিকরণের লক্ষ্যে পূর্ত চেকের বিষয়টি সম্পর্কে সভায় জানানো হয়, পূর্ত চেকের ব্যাপারে গণপূর্ত অধিদপ্তরের সুপারিশ প্রধান হিসাব রক্ষণ অফিস, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক গৃহীত হয়নি। বিষয়টি পর্যালোচনা করে পূর্বের নিয়মে বিল পরিশোধের পক্ষে মতামত প্রদান করা হয়েছে। সভাপতি বিষয়টি পুনঃ বিবেচনার জন্য পত্র প্রদানের উপর গুরুত্ব আরোপ করেন।

সভায় জানানো হয় অনিষ্পন্ন বিষয় Single digit এ নামিয়ে আনার ব্যাপারে গণপূর্ত অধিদপ্তর সচেষ্ট রয়েছে। তাছাড়া যে সকল বিষয় অনিষ্পন্ন অবস্থায় রয়েছে, সেগুলো প্রেরণের সময়সীমা নির্দিষ্ট করার উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন। তিনি তিন মাসের উর্ধ্বে অনিষ্পন্ন বিষয়গুলো নিষ্পত্তি না হওয়ার কারণ সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করার উপরও গুরুত্ব আরোপ করেন। সভায় জানানো হয়, মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহের নিমিত্তে নির্ধারিত ছকে তথ্যাদিসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

- সিদ্ধান্ত : (ক) অনিষ্পন্ন বিষয়ের প্রতিবেদন জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।
(খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিজ নিজ আওতাধিনের অনিষ্পন্ন বিষয় সমূহের উপর মন্ত্রণালয়ের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কোন অবস্থাতেই অনিষ্পন্ন বিষয় দুই মাসের অধিক অনিষ্পন্ন রাখা যাবে না।
(গ) পূর্ত চেকের বিষয়টি পুনঃ বিবেচনা চেয়ে মন্ত্রণালয়ের বরাবরে পত্র লিখতে হবে।

বাস্তবায়ন : তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/(উন্নয়ন)/(সমন্বয়)/ অডিট এন্ড মনিটরিং , গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

